গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
পরিবহণপুল ভবন
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।
কল্যাণ-১ শাখা
www.molwa.gov.bd

স্মারক নম্বর- ৪৮.০০.০০০০.০১০.১৯.০৬৩.১৯-**৪৩৯**

তারিখ: ১১ বৈশাখ ১৪৩১ / ২৪ এপ্রিল ২০২৪

**বিষয়: বীর মুক্তিযোদ্ধাগণের চিকিৎসা সেবা প্রদানের জন্য ২০২৩-২০২৪ অর্থবছরে ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা বরাদ্দ।**

সূত্র: তাঁর কার্যালয়ের স্মারক নং-জে:হা:সু:/২০২৩/৯৫৫, তারিখ: ০২/৯/২০২৩ খ্রি: ।

উর্পযুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে ২০২৩-২০২৪ অর্থবছরে মুক্তিযোদ্ধাদের কল্যাণে দেশের সরকারি হাট-বাজারসমূহের ইজারালব্ধ আয়ের ৪% অর্থ দ্বারা বীর মুক্তিযোদ্ধাদের চিকিৎসা সেবার লক্ষ্যে এ মন্ত্রণালয়ের পরিপত্র, নীতিমালা ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এবং স্বাস্থ্য সেবা বিভাগের মধ্যে স্বাক্ষরিত সমঝোতা স্মারক অনুসারে ২৫০ শয্যা বিশিষ্ট জেলা সদর হাসপাতাল, সুনামগঞ্জ এর অনুকূলে ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকার চেকটি (এসবি-১০ ৬৬৫৯১১৭৮, তারিখ: ৮/৪/২০২৪ খ্রি:, সোনালী ব্যাংক পিএলসি, রমনা কর্পোরেট শাখা, ঢাকা) নিম্নোক্ত শর্ত সাপেক্ষে বরাদ্দ প্রদান করা হলো।

০২। এই ব্যয় মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের অধীন মুক্তিযোদ্ধাদের কল্যাণে দেশের সরকারি হাট বাজার ইজারালব্ধ আয়ের ৪% অর্থের তহবিল হতে নির্বাহ করা হবে।

০৩। শর্তাবলী:

ক) মুক্তিযোদ্ধাদের চিকিৎসা ব্যয় নির্বাহের জন্য মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় থেকে বরাদ্দকৃত অর্থ ব্যয়ে তত্ত্বাবধায়ক আয়ন ব্যয়ন কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন;

খ) প্রদত্ত বরাদ্দ সংশ্লিষ্ট কর্মকর্তাগণ এ এতদসংক্রান্ত পরিপত্র, বীর মুক্তিযোদ্ধাগণের কল্যাণে সরকারি হাট-বাজারসমূহের ইজারালব্ধ আয়ের ৪% অর্থ ব্যয় নীতিমালা, ২০২২ ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এবং স্বাস্থ্য সেবা বিভাগের মধ্যে স্বাক্ষরিত সমঝোতা স্মারক অনুসারে ব্যয় করতে হবে;

গ) শুধুমাত্র মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের অফিসিয়াল ওয়েবসাইটে(www.molwa.gov.bd) তে প্রকাশিত **সমন্বিত তালিকাভুক্ত** বীর মুক্তিযোদ্ধাদের চিকিৎসা বাবদ এ অর্থ ব্যয় করা যাবে;

ঘ) বরাদ্দকৃত অর্থ দ্বারা চিকিৎসার ক্ষেত্রে বীর মুক্তিযোদ্ধার স্বপক্ষে প্রমানক হিসেবে দালিকৃত ডকুমেন্টের তথ্যাদি এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে (www.molwa.gov.bd) প্রকাশিত **'সমন্বিত তালিকার'** সহিত যাচাইপূর্বক তা সঠিক পাওয়া গেলে এ চিকিৎসা সুবিধা প্রদান করা যাবে;

ঙ) বরাদ্দকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে সকল আর্থিক বিধি-বিধান ও নিয়মানুচার যথাযথভাবে অনুসরণ করতে হবে;

চ) অব্যয়িত অর্থ (যদি থাকে) ৩০ জুন ২০২৪ তারিখের মধ্যে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের অধীন ব্যাংক একাউন্ট (সঞ্চয়ী হিসাব নং ০২০০০০১২১১০৫২, অগ্রণী ব্যাংক লিমিটেড, জাতীয় প্রেস ক্লাব শাখা, ঢাকা/সঞ্চয়ী হিসাব নং ৪৪২৬৩৩৪১৯১৫৫৪, সোনালী ব্যাংক লিমিটেড, রমনা করপোরেট শাখা, ঢাকা) ফেরত প্রদান পূর্বক এ মন্ত্রণালয়কে অবহিত করতে হবে। অব্যয়িত অর্থ পরবর্তী অর্থবছরেও ব্যয় করা যাবে, তবে সেক্ষেত্রে অব্যয়িত অর্থের পরিমাণ উল্লেখপূর্বক প্রতিবেদন এ মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে;

ছ) মুক্তিযোদ্ধাদের কল্যাণে দেশের সরকারি হাট-বাজারসমূহের ইজারালব্ধ আয়ের ৪% অর্থ দ্বারা বীর মুক্তিযোদ্ধাগণের কল্যাণে সরকারি হাট-বাজারসমূহের ইজারালব্ধ আয়ের ৪% অর্থ ব্যয় নীতিমালা, ২০২২ যথাযথ অনুসরণ করতে হবে। একইসাথে মুক্তিযোদ্ধাদের চিকিৎসা সেবা নিশ্চিত করার নিমিত্ত মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মধ্যে স্বাক্ষরিত সমঝোতা স্মারক অনুযায়ী বরাদ্দকৃত অর্থের ব্যয় নিশ্চিত করতে হবে;

জ) বরাদ্দকৃত অর্থ তত্ত্বাবধায়ক কর্তৃক **'বীর মুক্তিযোদ্ধাদের চিকিৎসা সুবিধা প্রদান সংক্রান্ত তহবিল'** নামক একাউন্ট খুলে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন;

ঝ) বরাদ্দকৃত অর্থ সংশ্লিষ্ট খাত ব্যতীত অন্য কোন খাতে ব্যয় করা যাবে না। অর্থ ব্যয়ের ক্ষেত্রে কোনো অনিয়ম হলে সংশ্লিষ্ট হাসপাতাল কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

ঞ) বীর মুক্তিযোদ্ধার চিকিৎসায় জনপ্রতি জেলা সদর হাসপাতালের ক্ষেত্রে সর্বোচ্চ ২০,০০০/-(বিশ হাজার) টাকা খরচ করা যাবে।

ট) হাসপাতালে অসুস্থ মুক্তিযোদ্ধার জন্য প্রয়োজনীয় ঔষধ সরবরাহসহ সর্বোত্তমভাবে সকল চিকিৎসা সেবা নিশ্চিত করতে হবে। সকল ধরণের চিকিৎসা পরামর্শ, শল্য চিকিৎসা, হাসপাতাল কর্তৃক সরবরাহযোগ্য ঔষধ, বেড সরবরাহ, পথ্য এবং নার্সিং ইত্যাদি চিকিৎসা সেবার অন্তর্ভূক্ত হবে;

ঠ) মুক্তিযোদ্ধাদের চিকিৎসা সেবা প্রদান কার্যক্রম পর্যালোচনা বা পরীক্ষা এবং বরাদ্দকৃত অর্থের যথাযথ ব্যবহার যাচাই করার লক্ষ্যে বিধি মোতাবেক নিরীক্ষা কার্যক্রম পরিচালনা করতে হবে।

ড) সংযুক্ত 'ছক' মোতাবেক বরাদ্দকৃত অর্থের প্রাপ্তিস্বীকার এ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

ঢ) বর্ণিত চিকিৎসা সেবা শুধুমাত্র হাসপাতালে ভর্তিকৃত মুক্তিযোদ্ধাদের প্রদান করা যাবে। মুক্তিযোদ্ধার স্ত্রী/সন্তানগণ এ সুবিধা পাপ্য হবে না।

ণ) কোনভাবেই মুক্তিযোদ্ধাদেরকে নগদে বা চেকের মাধ্যমে অর্থ প্রদান করা যাবে না।

ত) ব্যয় বিবরণী সংযুক্ত 'ছক' মোতাবেক (সেবা গ্রহীতার মোবাইল নম্বর ও ভর্তির তারিখ উল্লেখসহ) তথ্যাদি এ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

সংযক্তি: বর্ণনামতে ১টি চেক (এসবি-১০ ৬৬৫৯১৭৮, তারিখ: ৮/৪/২০২৪ খ্রি:, সোনালী ব্যাংক পিএলসি, রমনা কর্পোরেট শাখা, ঢাকা)।

28/08/2024

(মো: জাহাঙ্গীর আলম)
উপসচিব
টেলিফোন: ২২৩৩৫৮৭৮৮

**তত্বাবধায়ক**
**২৫০ শয্যা বিশিষ্ট জেলা সদর হাসপাতাল**
**সুনামগঞ্জ।**

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা;
২। জেলা প্রশাসক, সুনামগঞ্জ;
৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য);
৪। সচিবের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৫। সিস্টেম এনালিষ্ট, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (আর্থিক অনুদান প্রদান পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৬। উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ;
৭। উপ-মহাব্যবস্থাপক, সোনালী ব্যাংক পিএলসি, রমনা কর্পোরেট শাখা, ঢাকা।

হাসপাতালে ভর্তিকৃত বীর মুক্তিযোদ্ধাগণের চিকিৎসা সেবা সংক্রান্ত তথ্য ছক

| ক্র: নং | চিকিৎসা গ্রহীতা বীর মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা (মোবাইল নম্বরসহ) | সমন্বিত তালিকা নম্বর | গৃহীত চিকিৎসার সংক্ষিপ্ত বিবরণ | ব্যয়িত টাকার পরিমাণ | পরিপত্র অনুযায়ী ব্যয় করা হয়েছে কি-না | হাসপাতালে কত দিন ভর্তি ছিলেন (তারিখসহ) | আলোচ্য বিষয়ে পরিপত্র অনুযায়ী সভা করা হয়েছে কিনা। | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| ১. | নাম-<br>পিতার নাম-<br>গ্রাম-<br>উপজেলা-<br>জেলা-<br>মোবাইল নং- | | | | | | | |

## **প্রাপ্তি স্বীকার পত্র**

২০২৩-২৪ অর্থবছরে মুক্তিযোদ্ধাদের কল্যাণে দেশের সরকারি হাট-বাজারসমূহের ইজারালব্ধ আয়ের ৪% অর্থ দ্বারা বীর মুক্তিযোদ্ধাদের চিকিৎসা সেবার লক্ষ্যে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত চেক এর প্রাপ্তি স্বীকার:

| ক্রমিক | **সরকারি মেডিক্যাল কলেজ হাসপাতালের নাম ও ঠিকানা** | **বরাদ্দকৃত টাকার পরিমাণ** | **প্রদত্ত চেক নম্বর ও ব্যাংকের নাম** | **মন্তব্য (প্রাপ্তি স্বীকারমূলক)** |
|---|---|---|---|---|
| | | | | |